দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 27 JAN 1989
পৃষ্ঠা 1 কলাম 6

78

# ডাকসু নির্বাচন ঃ মনোনয়নপত্র বাছাই-এর কাজ শেষ

॥ স্টাফ রিপোর্টার ॥

ডাকসু নির্বাচনে প্রার্থীদের মনোনয়নপত্র বাছাইয়ের কাজ গতকাল রাতে সম্পন্ন হয়েছে। ২০টি পদে এবার ২শ' ৬৩ জন প্রার্থীর মনোনয়নপত্র জমা পড়লেও ৫টি বাতিল হয়ে গেছে। ২৮টি মনোনয়নপত্র বিবেচনাধীন রয়েছে। ডাকসুতে ভিপি পদে ১৬ জনের এবং জিএস পদে ২০ জনের মনোনয়নপত্র জমা পড়েছে।

ডাকসু নির্বাচনে প্রার্থীদের প্রাথমিক তালিকা আজ হলসমূহে টানিয়ে দেয়া হবে। অপরদিকে হল সংসদের প্রার্থীদের প্রাথমিক তালিকা গতকালই প্রকাশ করা হয়েছে। এবার মনোনয়নপত্র বাছাই-এ সময় একটু বেশী লেগেছে। ভর্তি সংক্রান্ত অসম্পূর্ণ প্রমাণপত্র, বেতন পরিশোধের রসিদ সংক্রান্ত জটিলতাই এর কারণ বলে জানা গেছে। এবারের ভোটার তালিকায় ২৪ হাজার ২শ' ২৫ জনের নাম রয়েছে।

১১-এর পৃঃ ৮-এর কঃ দেখুন

## ডাকসু নির্বাচন

প্রথম পৃষ্ঠার পর

সেশন জটের এবং অনার্স পরীক্ষার্থীদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার কারণেই ভোটারের সংখ্যা বেড়েছে বলে একটি সূত্র জানিয়েছে।

ডাকসু নির্বাচনে অংশগ্রহণকারী ছাত্র সংগঠনগুলো গতকাল ক্যাম্পাসে পৃথক পৃথক মিছিল বের করেছে। জাতীয়তাবাদী ছাত্র দলের একটি মিছিল ক্যাম্পাসের বিভিন্ন স্থান প্রদক্ষিণ শেষে মধুর কেন্টিনে এসে শেষ হয়। অপরদিকে ৬টি ছাত্র সংগঠন সুলতান-মুশতাক পরিষদের সমর্থনে একটি মিছিল বের করে। মিছিল শেষে ডাকসু ভবনের সামনে এক সমাবেশে জহির উদ্দিন স্বপন বক্তব্য রাখেন। তিনি ছাত্র সংগ্রাম পরিষদের সাম্প্রতিক অনৈক্যের জন্য বর্তমান সরকার এবং সাম্প্রদায়িক শক্তিকে দায়ী করেন। তবে, খুব শিগগির পরিষদের মধ্যে সমঝোতা হবে বলে তিনি কর্মীদের আশ্বস্ত করেন। উল্লেখ্য, চার খণ্ডে বিভক্ত ছাত্র সংগ্রাম পরিষদকে ঐক্যবদ্ধ করার লক্ষ্যে আজ একটি সভা হওয়ার কথা।